# খালেদা জিয়ার মৃত্যুতে শেখ হাসিনার শোক প্রকাশ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে আওয়ামী লীগের অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশিত শোকবার্তায় তিনি বলেন, “খালেদা জিয়া বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ছিলেন এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় তার অবদান অবিস্মরণীয়। তার চলে যাওয়া বাংলাদেশের রাজনীতিতে ও বিএনপি নেতৃত্বে একটি অপূরণীয় ক্ষতি। আমি তার আত্মার শান্তি কামনা করি।”

শেখ হাসিনা আরও বলেন, “আমি তার ছেলে তারেক রহমান ও পরিবারের সকল শোকাহত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাই। আশা করি মহান আল্লাহ তাদের এই কষ্টসহ্য করতে সাহায্য করবেন এবং বিএনপি ও তার পরিবারের সবাইকে এই শোক কাটিয়ে ওঠার শক্তি দান করবেন।”

LENS ASIA